



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২১-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষ স্থানীয় ১৩টি ক্লাব যথাক্রমে: বসুন্ধরা কিংস, আবাহনী লিমিটেড, শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেড, সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, আরামবাগ ক্রীড়া সংঘ, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, চট্টগ্রাম আবাহনী লিমিটেড, মোহাম্মেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, রহমতগঞ্জ এমএফএস, ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব এবং উত্তর বারিধারা ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামীকাল ২২-১২-২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

উক্ত প্রতিযোগিতার ট্রফি উন্মোচন উপলক্ষ্যে অদ্য ২১-১২-২০২০ তারিখ সোমবার দুপুর ১২:৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলায় কনফারেন্স রুমে অংশগ্রহণকারী ফুটবল দলের প্রধান প্রশিক্ষক, টিম ম্যানেজার ও অধিনায়কের উপস্থিতিতে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত ট্রফি উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফের সিনিয়র সহ-সভাপতি, জনাব আব্দুস সালাম মুর্শেদী-এমপি, বাফুফে সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, সদস্য জনাব ইমতিয়াজ হামিদ সবুজ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষে এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন ও প্রিমিয়ার ব্যাংক লিঃ এর পক্ষে জুনিয়র এ্যাসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট জনাব মাহফুজুল ইসলাম।

এছাড়াও অংশগ্রহণকারী ক্লাবসমূহের পক্ষে উপস্থিত ছিলেন - বসুন্ধরা কিংস, ঢাকা এর প্রধান প্রশিক্ষক Mr. Oscar William Bruzon Barreras, টেকনিক্যাল ডাইরেক্টর জনাব বি এ জোবায়ের নিপু ও খেলোয়াড় জনাব তপু বর্মণ। আবাহনী লিমিটেড, ঢাকা এর টিম ম্যানেজার জনাব সত্যজিৎ দাশ রুপু, প্রধান প্রশিক্ষক Mr. Mario Licinio Guerreiro Lemos, খেলোয়াড় জনাব নাবিব নেওয়াজ জীবন। সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, ঢাকা এর প্রধান প্রশিক্ষক Mr. Paul Joseph F Put. আরামবাগ ক্রীড়া সংঘ, ঢাকা এর প্রধান প্রশিক্ষক জনাব সুব্রত ভট্টাচারী। লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, ঢাকা এর প্রধান প্রশিক্ষক জনাব শফিকুল ইসলাম মানিক। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, ঢাকা এর প্রধান প্রশিক্ষক Mr. Yusuke Kato. মোহাম্মেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, ঢাকা এর প্রধান প্রশিক্ষক Mr. Sean Brendan Lane ও টিম ম্যানেজার জনাব ইমতিয়াজ আহমেদ নকিব। রহমতগঞ্জ এম এফ এস, ঢাকা এর প্রধান প্রশিক্ষক সৈয়দ গোলাম জিলানী। ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, ঢাকা এর সহকারী টিম ম্যানেজার জনাব হাসেম মোল্লা। বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব এর সহকারী টিম ম্যানেজার জনাব আবু তাহের এবং উত্তর বারিধারা ক্লাব, ঢাকা এর প্রধান প্রশিক্ষক শেখ জাহিদুর রহমান।

খেলার টিকেটের মূল্য ভিআইপি ৫০/- টাকা এবং গ্যালারী ২০/- টাকা নির্ধারণ করা হয়েছে। টিকেট বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম ও মতিঝিলস্থ বাফুফে অফিসে পাওয়া যাবে।

আহসানুজ্জামান আমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।